গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd ; যুউঅ.বাংলা

## যুব উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন টিমের ৩৫ তম সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ জাহাঙ্গীর আলম
পরিচালক(প্রশিক্ষণ) এবং ইনোভেশন অফিসার (ভারপ্রাপ্ত), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ২৯ আগস্ট ২০১৮ ; সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সদস্য সচিব জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন । কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয় । সভাকে অবহিত করা হয় যে, বিগত সভায় ০৮টি সুপারিশ গৃহীত হয়েছিল । গৃহীত সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় মেন্টর ও মেন্টিগণের কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনায় জানা যায় যে ক) জনাব সৈয়দ আব্দুল কাইয়ূম, উপরিচালক(পরিকল্পনা) জানান যে, গোপালপুর, টাঙ্গাইল এর পাইলট বাস্তবায়ন শেষ পর্যায়ে আছে। ডকুমেন্টেশন প্রস্তুতের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। অন্যান্য মেন্টিদের কাজের অগ্রগতি কম তবে প্রচেষ্টা অব্যাহত আছে। পূনঃযোগাযোগ করা সত্যেও মুন্সিগঞ্জ সদর হতে উপকরণ-১৩ পাওয়া যায়নি। খ) জনাব ফরহাত নূর, উপপরিচালক (বাস্তবায়ন) জানান যে, আমতলী, বরগুনা ও শেরপুর সদর এর প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। গ) জনাব এ কে এম মফিজুল ইসলাম, উপপরিচালক(পরিকল্পনা) জানান যে, মেন্টিদের কাজের অগ্রগতি কম, যোগাযোগ করা হলে তাঁরা বাজেট বরাদ্দের জন্য অনুরোধ করেন, তবে প্রচেষ্টা অব্যাহত আছে। অন্যান্য মেন্টরগণের কাজের অগ্রগতি না থাকায় এ বিষয়ে আলেচনা করা সম্ভব হয় নাই।

২। সভাপতি বলেন যে, ইনোভেশন আইডিয়া মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য বিশেষ কোন বরাদ্দের ব্যবস্থা নাই। মেন্টর এবং মেন্টি উভয় ক্ষেত্রেই স্বীয় বাজেটের মাধ্যমে আইডিয়া মাঠ পর্যায়ে বাস্তবায়ন করতে হবে এবং এ ধরণের মানসিকতা তৈরি করতে হবে। এটি কেবিনেট ডিভিশনের সিদ্ধান্ত, অতএব অবহেলা করার কোন সুযোগ নাই। মেন্টিদের সাথে নিবিড় যোগাযোগ স্থাপন এমনকি প্রয়োজনে মাঠ পরিদর্শনে গিয়ে কাজে সহযোগিতা/উদ্বুদ্ধ করা যেতে পারে। সভাপতি সকলকে স্মরন করিয়ে দেন যে, ইনোভেশন টিমের ২০১৮-২০১৯ অর্থবছরের কর্ম পরিকল্পনায় যে চারটি ইনোভেশন আইডিয়া মাঠ পর্যায়ে বাস্তবায়িত হচ্ছে তা আগামী ১৫/১০/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে অসমাপ্ত কার্যক্রম সমাপ্ত করতে হবে। যারা এখনও উপকরণ-১৩ পাঠায়নি তাদের সাথে কার্যকর যোগাযোগ পূর্বক অসমাপ্ত কার্যক্রম সমাপ্তকরনের অনুরোধ জানানো হয়।

৩। সদস্য সচিব জানান ২০১৭-২০১৮ অর্থবছরের ইনোভেটরগণকে সম্মাননা প্রদানের লক্ষ্যে একটি বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে কিন্তু এখন পর্যন্ত সম্মাননা প্রদান করা যায় নাই। সভায় ক্রেস্ট ও সনদপত্র প্রদানের লক্ষ্যে মাঠ হতে উক্ত ১৩ জনের নাম-ঠিকানা ও ইনোভেশন আইডিয়া মাঠ পর্যায় হতে সংগ্রহ করতঃ অনুমোদনের জন্য নথি উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। SIF Fund: প্রাপ্ত ত্রুটি সমূহ সংশোধন করা হয়েছে, শীগ্রই ভেন্ডর চূড়ান্ত সফটওয়ারটি সরবরাহ করবে।

৫। অধিদপ্তরের ২য় ই-সার্ভিস "যুব সংগঠন সমূহকে রেজিস্ট্রেশন প্রক্রিয়ার" অগ্রগতির বিষয়ে জনাব ফরহাত নূর, উপপরিচালক (বাস্তবায়ন) জানান যে, প্রস্তুতকৃত সফটওয়ারটি চূড়ান্ত করা হয়েছে। এ সপ্তাহে সফটওয়ারটি সার্ভারে হোস্ট করা হবে। শুরুতে ৩টি জেলার ৩টি উপজেলায় পাইলটিং করা হবে।

৬। অধিদপ্তরের ১ম ই-সার্ভিস বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক সভাকে জানান যে, অধিদপ্তরের ১ম ই-সার্ভিস "ঋণ সেবাকে ই-সেবায়" রূপান্তরের লক্ষ্যে প্রণীত সফটওয়্যারের মাধ্যমে মানিকগঞ্জে গতমাসে ১টি ঋণ অনুমোদন সভা অনুষ্ঠিত হয়েছে। শীগ্রই ই-সেবা কার্যক্রমকে ২টি পাইলট উপজেলা হতে ২টি জেলার সকল উপজেলায় সম্প্রসারণ করা হবে বলে জানান।

৭। সোস্যাল মিডিয়া: জনাব মোঃ জিয়াউর রহমান, প্রশিক্ষক(ইলেকট্রনিক্স), সভাকে জানান যে, চলতি মাসে যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন অনুষ্ঠান/কার্যক্রমের তথ্যচিত্র Facebook এ নিয়মিত Upload করা হচ্ছে । চলতি মাসে সেবা গ্রহীতাদের কোন অভিযোগমূলক Post পাওয়া যায় নাই । এমাসে ২৯৯ জন নতুন সদস্য Facebook পাতায় যুক্ত হয়ে বর্তমানে সর্বমোট সদস্য ১৪০২৩ জন ।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমূহ গৃহীত হয় ।

**সুপারিশঃ**

০১। সকল মেন্টর তাদের জন্য নির্ধারিত মেন্টরের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে;
০২। ইনোভেশন টিমের ২০১৮-২০১৯ অর্থবছরের কর্ম পরিকল্পনায় যে চারটি ইনোভেশন আইডিয়া মাঠ পর্যায়ে বাস্তবায়িত হচ্ছে তা আগামী ১৫/১০/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে অসমাপ্ত কার্যক্রম সমাপ্ত করতে হবে ;
০৩। প্রণীত বার্ষিক কর্মপরিকল্পনা মাফিক প্রত্যেক সদস্যের বিবরণীতে প্রদর্শিত দায়িত্ব যথাযথ পালন এবং মাসিক সভায় অগ্রগতি উপস্থাপন ;
০৪। প্রাপ্ত এস আই এফ ফান্ডের মাধ্যমে সংগ্রহযোগ্য সফটওয়্যার দ্রুত ব্যবহারযোগ্য নিশ্চিত করা ;
০৫। সোসাল মিডিয়ায় প্রচার এবং ভুক্তভোগীদের সমস্যা সমাধান বিষয়ক তথ্য প্রতিমাসের সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন এবং সেবা গ্রহীতাদের মতামত প্রতিপালিত হচ্ছে কিনা তা নিরূপন করা;
০৬। ঋণের ১ম এবং ২য় ই-সার্ভিস প্রণয়নের লক্ষ্যে প্রাপ্ত সফটওয়্যার দুইটির কার্যক্রমের অগ্রগতি প্রতিমাসের সভায় পর্যালোচনা করা ;

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মোঃ জাহাঙ্গীর আলম)
পরিচালক(প্রশিক্ষণ)
এবং
ইনোভেশন অফিসার (ভারপ্রাপ্ত)
ফোনঃ ৯৫৫৩২৮৮
e-mail: ditraining@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬- ৫১ তারিখঃ ০৬/০৯/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব------------------------------------------------ সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। সংশ্লিষ্ট নথি ।

০৬/০৯/২০১৮
(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি)
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮
e-mail: adict@dyd.gov.bd

পরিশিষ্ট "ক"

২৯/০৮/২০১৮ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব এ কে এম মফিজুল ইসলাম<br>উপপরিচালক(পরিকল্পনা) | স্বাক্ষরিত |
| ২. | জনাব সৈয়দ আব্দুল কাইয়ুম<br>উপ-পরিচালক(পরিকল্পনা) | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মোঃ হামিদুর রহমান<br>উপপরিচালক (দাঃবিঃওঋণ) | স্বাক্ষরিত |
| ৪. | মোঃ ফজলুল হক<br>সহকারী পরিচালক | স্বাক্ষরিত |
| ৫. | মোঃ আতাউর রহমান<br>সহকারী পরিচালক (শৃংখলা) | স্বাক্ষরিত |
| ৬. | জনাব ফরহাত নূর<br>উপপরিচালক (বাস্তবায়ন) | স্বাক্ষরিত |
| ৭. | খন্দকার মোঃ রওনাকুল ইসলাম<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | স্বাক্ষরিত |
| ৮. | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক (আইসিটি) | স্বাক্ষরিত |
| ৯. | জনাব মোঃ জিয়াউর রহমান<br>প্রশিক্ষক(ইলেকট্রনিক্স) . | স্বাক্ষরিত |